

**অষ্টম শ্রেণির
সমাপনীর প্রশ্নের
রূপরেখা চূড়ান্ত
হতে পারে আজ**

নিজস্ব প্রতিবেদক ●
স্কুল ও মাদ্রাসার অষ্টম শ্রেণির
সমাপনীর প্রশ্নের রূপরেখা
বিষয়ে কত নম্বর সৃজনশীল এবং
নৈর্ব্যক্তিক প্রশ্ন থাকবে সেসব
প্রশ্নপত্রের মানবন্টনের রূপরেখা
চূড়ান্ত করা হবে আজ রবিবার।
শিক্ষা মন্ত্রণালয়ে বৈঠকে শিক্ষা
বোর্ড, এনসিটিবি এবং মাধ্যমিক ও
উচ্চশিক্ষা অধিদপ্তরের কর্মকর্তারা
উপস্থিত থাকবেন। গতকাল একটি
বোর্ডের চেয়ারম্যান আমাদের সম্মুখে
এ তথ্য নিশ্চিত করেছেন।
শিক্ষাবর্ষের পাঁচ মাস অতিবাহিত
হলেও জুনিয়র স্কুল সার্টিফিকেট
পরীক্ষার প্রশ্নপত্রের রূপরেখা চূড়ান্ত
না হওয়ায় এ নিয়ে ধোঁয়াশায় আছেন
শিক্ষক শিক্ষার্থীরা।
প্রশ্নফাঁস ঠেকাতে নৈর্ব্যক্তিক প্রশ্ন
বাতিলের এরপর পৃষ্ঠা ৯, কলাম ৪

অষ্টম শ্রেণির
(শেষ পৃষ্ঠার পর) আলোচনা
সমালোচনার ঝড় চলছে দীর্ঘদিন।
নৈর্ব্যক্তিক থাকবে কি থাকবে না; কত
বিষয়ের পরীক্ষা হবে; একেক সময়ে
সরকারের দায়িত্বশীলরা একেক রকম
বক্তব্য দিচ্ছেন। তবে কোনোটাই চূড়ান্ত
নয়। ফলে এখনো প্রশ্নের মানবন্টন চূড়ান্ত
করতে পারেনি পাঠ্যপুস্তক বোর্ড।
পরীক্ষাগ্রহণ করে শিক্ষা বোর্ড তারা এক
ধরনের সুপারিশ করেছেন। সব উদ্দেশ্য-
উৎকর্ষার সমাপ্তি হতে পারে এই
বৈঠকে।
জানা গেছে, শিক্ষাবিদ,
আইনশাস্ত্রবিদ রফিকুল্লাহ বাহিনীসহ
বিভিন্ন মহল থেকে এমসিকিউ তুলে
দেওয়ার সুপারিশ এসেছে। শিক্ষা
মন্ত্রণালয়ে বিজ্ঞানভিত্তিক নম্বর কমিয়ে
মোট ২০০ নম্বর পরীক্ষা কমিয়ে আনার
চিন্তাও রয়েছে। এর মধ্যে বাংলা ও
ইংরেজি দুটি বিষয়ে ৫০ নম্বর করে ১০০
নম্বরের পরীক্ষা কমানোর সিদ্ধান্ত হতে
পারে। জেএসসিতে ঐচ্ছিক বিষয়ের
(গার্হস্থ্য অর্থনীতি/কৃষি) পরীক্ষা তুলে
দেওয়া হবে কিনা তারও চূড়ান্ত সিদ্ধান্ত
হবে। নভেম্বরে অনুষ্ঠিতব্য জেএসসি
জেডিসিতে ৬৫০ নম্বরের পরীক্ষা হতে
পারে। বিদ্যমান নিয়ম অনুযায়ী জেএসসি
ও জেডিসি পরীক্ষায় ১০টি বিষয়ে মোট
৮৫০ নম্বরের পরীক্ষা হচ্ছে।

ব্যানবেইস	
পরিচালকের কার্যালয়	
প্রাপ্তি নং.....	
তারিখ.....	
চি.ফ. পরিসংখ্যান বিভাগ	
জাফ. ডি.এল.পি বিভাগ	
সিস্টেম ম্যানেজার	
সিনিয়র সিস্টেম এনালিস্ট	
প্রশাসনিক কর্মকর্তা	
পি.এ.	
কার্যার্থে/স্বাক্ষরে	
	স্বাক্ষর